

তথ্যবিবরণী

নম্বর-১৫২

আঞ্চলিক তথ্য অফিস ও জেলা তথ্য অফিস ময়মনসিংহ
কর্তৃক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

ময়মনসিংহ (রবিবার, ১৭ মার্চ ২০২৪ খ্রি.):

১৭ই মার্চ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় ময়মনসিংহে উদযাপিত হয়। এ ধারাবাহিকতায় আঞ্চলিক তথ্য অফিস ও জেলা তথ্য অফিস ময়মনসিংহের পক্ষ থেকে বঙ্গবন্ধু মুরালে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

রবিবার (১৭ মার্চ) সকালে জেলা তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার শেখ মোঃ শহিদুল ইসলামের নেতৃত্বে দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ সার্কিট হাউস প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন।

পুষ্পার্ঘ্য অর্পণে আঞ্চলিক তথ্য অফিসের মো: রিদওয়ানুর রহমান বুবাইয়াং, মোহাম্মদ মনিরুজ্জামান, মো: শামসুল হদা, মো: কাউসার নাঈম তালুকদার, রেজভী হাসান, মো: মেহেদী হাসান শুব, মো: সজীব মিয়া, মো: কামরুজ্জামান জলিল, পিয়ার আলী ও রাব্বি হক উপস্থিত ছিলেন।

দিবসটি কেন্দ্র করে সূর্যোদয়ের সাথে সাথে অফিসের পক্ষ থেকে সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এ দিবস উপলক্ষ্যে সরকারি বিভিন্ন প্রোগ্রাম কভারেজের জন্য অফিসের কর্মকর্তা-কর্মচারীগণ দিনব্যাপী পূর্ব নির্ধারিত ব্যস্ত কর্মসূচি পালন করেন।

#

হদা/দেওয়ান/মনির/রিদওয়ান/রেজভী/২০২৪/১৩:০০ ঘন্টা